# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 25 June, 2025

জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচন নয়—এটাই বিএনপির স্পষ্ট অবস্থান বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।বুধবার (২৫ জুন) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে জুলাই অভ্যুত্থানে আহতদের চিকিৎসা সহায়তা প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

রিজভী বলেন, "সবার আগে জাতীয় নির্বাচন হতে হবে—এটাই বিএনপির স্পষ্ট বক্তব্য।৫ আগস্টের পরে যাদের মব জাস্টিসের মাধ্যমে হত্যা করা হয়েছে, তাদের হত্যাকারী যে দলেরই হোক না কেন, তাদের দ্রুত বিচারের আওতায় আনতে হবে।"

## বিডিআর হত্যাকাণ্ড পরিকল্পিত ছিল দাবি বিএনপির

বিডিআর (পিলখানা) হত্যাকাণ্ড প্রসঙ্গে রিজভী অভিযোগ করেন, "তদন্তকারীরা নানা কারণে গোপনীয়তা রক্ষা করছেন।তারা স্বীকার করছেন রাজনৈতিক সংশ্লিষ্টতা ছিল, কিন্তু নাম প্রকাশ করছেন না।এর মানে ঘটনাটি ছিল পূর্বপরিকল্পিত—হয়তো কোনো প্রভুদের স্বার্থে বা তৎকালীন ক্ষমতাসীনদের নির্দেশেই এই নির্মম হত্যাকাণ্ড ঘটানো হয়েছিল।"

তিনি আরও বলেন, "এমন দেশ তো দেশের মানুষ চায়নি।স্বাধীনতার পর দেশের মানুষের রক্ত, ত্যাগ সব কিছু ভুলিয়ে দিয়ে সরকার জোর করে ক্ষমতায় থাকতে চেয়েছে।'যুদ্ধাপরাধী', 'মুক্তিযুদ্ধের পক্ষ-বিপক্ষ' এমন বিভাজনের রাজনীতি করে দেশটাকে প্রতিনিয়ত বিভক্ত করে রাখা হয়েছে।"

রুহুল কবির রিজভী বিএনপি জাতীয় নির্বাচন বিডিআর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 00:42

URL: https://timestodaybd.com/politics/3699956999